**উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ এর আগস্ট, ২০২১ মাসের 'উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা'র কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ এমদাদুল হক<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, মান্দা, নওগাঁ |
| তারিখ ও সময় | ঃ | ১২ আগস্ট, ২০২১ খ্রিঃ, সকাল ১০.০০ টা |

[ সভায় উপস্থিত, অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হলো ]

সভাপতি সভার শুরুতেই বলেন, আগস্ট আসলেই কেঁদে উঠে মন, কেঁদে উঠে বাংলা ও বাঙালী জাতি। একজন মুজিব আর্দশের সৈনিক হিসেবে গভীরভাবে স্মরনে আসে সেই মর্মান্তিক মুহুর্তের স্মৃতি। এই আগষ্টে আমরা হারিয়েছি সেই অবিসংবাদিত নেতাকে ও তার পরিবারবর্গকে। জাতীয় শোকদিবসের এই মাসে আজকের উপজেলা পরিষদের সম্মানিত উপস্থিত সকল সদস্যকে কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানিয়ে সভার আলোচনা শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা, মান্দা, নওগাঁ কে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আবু বাক্কার সিদ্দিক, উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং উপস্থিত সম্মানিত সদস্যগণ ও অফিসার বৃন্দসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি ও উপস্থাপিত কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করেন।

<u>আলোচ্য সূচি-০১</u> ঃ উপজেলা পরিষদের পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ এবং উক্ত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ঃ

সভায় উপজেলা নির্বাহী অফিসার বিগত মাসের 'উপজেলা পরিষদ সভা'র কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং উক্ত কার্যবিবরণীতে সংশোধন, সংযোজন বা বিয়োজন যোগ্য কোন বিষয় আছে কিনা তা উপস্থিত সদস্যগণের নিকট হতে জানতে চান। অত:পর উক্ত কার্যবিবরণীতে কিছু সংশোধন, সংযোজন বা বিয়োজন যোগ্য বিষয় না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি বিগত 'উপজেলা পরিষদ সভা'য় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। যে সকল বিভাগ বা দপ্তর কর্তৃক বিগত সভায় গৃহিত সিদ্ধান্ত/ সিদ্ধান্তসমূহ অদ্যাবধি আংশিক বা সম্পূর্ণরূপে বাস্তবায়ন করা হয় নাই, সেই সকল বিভাগ বা দপ্তরসমূহের দপ্তর প্রধানগণকে বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ আংশিক বা সম্পূর্ণরূপে বাস্তবায়ন না হওয়ার কারণ উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে বিলম্বিত হওয়া অথবা আংশিক বাস্তবায়নের কারনসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ

ক. উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ এর বিগত সভার কার্যবিবরনীতে সংশোধন, সংযোজন বা বিয়োজনযোগ্য বিষয় না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

খ. যে সকল বিভাগ বা দপ্তর কর্তৃক বিগত সভায় গৃহিত সিদ্ধান্ত অদ্যাবধি বাস্তবায়ন করা হয়নি বা গৃহিত সিদ্ধান্তের আংশিক বাস্তবায়ন করা হয়েছে সেই সকল বিভাগ বা দপ্তরের প্রধানগণ অনতিবিলম্বে উক্ত সিদ্ধান্ত/ সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।

<u>বাস্তবায়নে</u> ঃ (১) উপজেলা নির্বাহী অফিসার (২) সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের প্রধানগণ এবং (৩) সকল ইউপি চেয়ারম্যান, মান্দা, নওগাঁ।

<u>আলোচ্য সূচি-০২</u> ঃ উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এ উপজেলার ১৪টি ইউনিয়নের চেয়ারম্যানগণ, উপজেলায় কর্মরত কর্মকর্তাগণসহ অন্যান্য সদস্যগণের সমন্বয়ে গঠিত মান্দা উপজেলা পরিষদের কর্মকান্ডের মাধ্যমে জনগণের আশা-আকাংখার প্রতিফলন ঘটাতে নানা জনকল্যাণকর ও জনবান্ধব প্রকল্প নির্বাচন ও প্রস্তাবনায় উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি'র ভূমিকা অপরিসীম। উপজেলা পরিষদ ম্যানুয়াল ২০০৯ (সংশোধনী সহ) এ কোন দপ্তর/ বিভাগের চলমান কার্যক্রম অথবা চলমান ও প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভায় তা উপস্থাপন, আলোচনা ও পর্যালোচনা পূর্বক সুপারিশ আকারে উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করার নির্দেশনা রয়েছে। তাই উপজেলা পরিষদকে জনবান্ধব ও সেবামুখী করতে ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিত হওয়া আবশ্যক। নিম্নে এ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির মধ্যহতে প্রাপ্ত স্থায়ী কমিটির সুপারিশসমূহ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(ক) <u>স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা</u>

সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব ডা. বিজয় কুমার জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী প্রচেষ্টায় আমদানিকৃত করোনা ভাইরাস প্রতিরোধী ভ্যাকসিন দিয়ে সারাদেশের ন্যায় মান্দা উপজেলাতে গত ০৭ আগস্ট ইউনিয়ন পরিষদের নির্ধারিত কেন্দ্র টিকা কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগীতা পাওয়া গেছে এর সাথে স্বাস্থ্য বিভাগের সকল সেবাসহ নিয়মিত টিকাদান কর্মসূচী প্রতিনিয়ত চলমান আছে।

এছাড়াও তিনি সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনা করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্টাল অক্সিজেন সাপ্লাই স্থাপন, সামনে ডেঙ্গু পরিস্থিতি বিবেচনায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অভ্যন্তরে ড্রেন সংস্কার ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ড্রেণ নির্মাণের ব্যবস্থা গ্রহনে অনুরোধ জানান।

এ বিষয়ে চেয়ারম্যান ভারশোঁ ইউনিয়ন জানান, বর্তমান কোভিড পরিস্থিতিতে চিকিৎসার জন্য পালস অক্সিমিটার নামক যন্ত্র থাকলে মানব দেহের অক্সিজেন এর পরিমান সহজে নির্ণয় করা সম্ভব হবে। উপজেলা পরিষদ হতে প্রকল্প আকারে প্রয়োজনীয় সংখ্যক অক্সিমিটার ক্রয় করে যথাপোযুক্ত স্থানে সরবরাহ করা প্রয়োজন। এতে স্থানীয় জনসাধারণ চিকিৎসা ক্ষেত্রে অনেকাংশে সেবা পাবে।

চলমান পাতা-০২

এছাড়াও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, আগামী ১৫ আগস্টকে সামনে রেখে উপজেলায় তার বিভাগ হতে বিশেষ ক্যাম্পেইন এর আওতায় দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি নিশ্চিতকল্পে চিকিৎসা প্রদান করা হবে। বিভাগীয় সকল কাজে সকলের সহযোগীতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ স্বাস্থ্য বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সরকার কর্তৃক ভ্যাকসিন প্রদানের আরও কোন নির্দেশনা পাওয়া গেলে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। সচেতনা বৃদ্ধি করে সবাইকে মাকস ব্যবহারে আগ্রহ সৃষ্টি করতে হবে। এছাড়াও সরকারের বরাদ্দের ধারাবাহিকতায় অর্থের সংস্থান হলে অতি সত্বর পালস অক্সিমিটারসহ প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করা হবে।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল।

(খ) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির আলোচনা ঃ

সভায় সংশ্লিষ্ট বিষয়ের সদস্য সচিব, উপজেলা কৃষি কর্মকর্তা জানান, নানা প্রতিকূলতার মধ্যদিয়ে মাঠ হতে ১৫৫০০ হেক্টর আমন ধান চাষ করার প্রচেষ্টা মাঠ পর্যায়ে অব্যহত রয়েছে। ইতোমধ্যে মাঠে পাট কর্তন করা হয়েছে। পাট প্রক্রিয়াজতকরণ কার্যক্রম চলমান রয়েছে। ভালো বীজে ভালো ফসল নিশ্চিতকল্পে বিশেষ চাষীদের নিয়ে বীজ উৎপাদনের কার্যক্রম অব্যহত আছে। পারিবারিক পুষ্টি নিশ্চিতকল্পে বাসাবাড়িতে সবজি চাষের কিছু পরিকল্পনা রয়েছে। উপজেলা পরিষদ আর্থিকভাবে সহযোগীতা প্রদান করলে বিভিন্নস্থানে বিশেষ প্রকল্পের আওতায় অগ্রাধিকার ভাবে আশ্রয়ন কেন্দ্রসমূহে সবজি চাষ করা সম্ভব হবে।

সহকারী প্রকৌশলী বিএমডিএ জানান, শোকের মাসে বিশেষ প্রকল্পের আওতায় তার দপ্তর হতে ১০০ টি চারা গাছ রোপন করা হবে। এ ক্ষেত্রে বিশেষ কোন স্থান নির্ধারণ করা প্রয়োজন। আমন ধান চাষের ক্ষেত্রে সেচ কার্যক্রম ততটা প্রয়োজন না হলেও কোথাও কোন সেচের প্রয়োজন দেখাদিলে উপজেলা বিএমডিএ কে সেচকাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানান। বিভাগীয় সকল কাজ স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ক) আলোচনান্তে, কৃষি নির্ভর উপজেলায় কৃষকদের সার্বিক সুবিধা কল্পে সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। উপজেলা পরিষদ হতে বার্ষিক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সময় উপজেলার আশ্রয়ন কেন্দ্রসমূহে সবজি চাষের জন্য আর্থিক সুবিধা নিশ্চিত করে প্রকল্প গ্রহণ করা হবে। বরেন্দ্র বহুমুখি উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত ফলজ চারা মুজিববর্ষ উপলক্ষে বরাদ্দকৃত বর্দাপুর আবাসন কেন্দ্রে রোপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি কর্মকর্তা, সহকারী প্রকৌশলী বিএমডিএ সহ সংশ্লিষ্ট সকল।

(গ) উপজেলা মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ

সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মাছ উৎপাদনে বৃহৎ এ উপজেলায় 'মা' মাছ সংরক্ষণের জন্য মৎস্য অভয় আশ্রম স্থাপন একান্ত জরুরী। বিশেষ কিছু স্থান নির্ধারণ করে মৎস্য অভয় আশ্রম স্থাপন করা হবে। অবৈধভাবে কাটা বা বেড়া দিয়ে অথবা বানা দিয়ে মাছ আহরণ করা বে-আইনি। সচেতনতার জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণের সহযোগিতা প্রয়োজন। কারেন্ট জাল ব্যবহারের কিছু আইনি বাধা রয়েছে। কারেন্ট জাল ব্যবহারের জেলেদের বিরত রাখতে সচেতন করতে হবে প্রযোজ্য ক্ষেত্রে আইনের প্রয়োগ দেখানো হবে। আগামী ২৮ আগস্ট ২০২১ হতে ০৩ সেপ্টেম্বর ২০২১ জাতীয় মৎস্য সপ্তাহ ঘোষনা করা হয়েছে। এই উপজেলায় এই মৎস্য সপ্তাহ যথাযথভাবে পালন করা হবে। উপজেলা পরিষদ হতে "মা" মাছ সংরক্ষনের জন্য অভয় আশ্রম নির্মানে আর্থিক সহযোগীতা প্রয়োজন।

প্রাণী সম্পদ কর্মকর্তা জানান, উপজেলা প্রাণি সম্পদ বিভাগ হতে ইতোমধ্যে গবাদি পশুর টিকা প্রদান, হাঁস-মুরগীর টিকা প্রদান, গবাদি পশুর চিকিৎসা প্রদান, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন, কৃত্রিম প্রজনন এর মাধ্যমে বাচ্চা উৎপাদন কার্যক্রম প্রভৃতি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করা হয়। তার বিভাগ এ কাজে সার্বক্ষনিক সচেষ্ট আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।

তিনি আরও জানান, কুসুম্বা ইউনিয়নের দেলুয়াবাড়ীতে একটি পশু উপস্বাস্থ্য কেন্দ্র রয়েছে। সেখানে বিভিন্ন স্থান হতে গবাদিপশু চিকিৎসার জন্য নিয়ে আসেন। পশু উপ স্বাস্থ্য কেন্দ্রটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। উপজেলা পরিষদের অর্থায়নে মেরামতকরণ সহ আধুনিকায়ন করা হলে খুব ভালো হতো। এক্ষেত্রে উপজেলা পরিষদের সার্বিক সহযোগীতা একান্তভাবে কামনা করেন।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে, মৎস্য আইন রক্ষার্থে কারেন্ট জাল দিয়ে মাছ ধরার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ এবং মৎস্য সম্পদ কে আরও সমৃদ্ধ করার লক্ষ্যে বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

মৎস্য সম্পাদ সমৃদ্ধ করণ এবং গবাদি পশু পালন বিষয়ে সর্বাধিক গুরুত্ব দিয়ে আগামিতে প্রকল্প গ্রহনের সময় আলোচিত বিষয়গুলোকে অগ্রাধিকার নিশ্চিত করতে হবে। দেলুয়াবাড়ী পশু চিকিৎসা কেন্দ্রটি মেরামত করনে প্রাক্কলন প্রস্তুত অন্তে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল।

(ঘ) উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির আলোচনা ঃ

সভায় সংশ্লিষ্ট বিষয়ের সদস্য সচিব, সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সকল সদস্যদের নিয়ে নির্ধারিত সময়ে উপজেলা পরিষদ হলরুমে সভা করা হয়েছে। আগামী সেপ্টেম্বর মাসে স্কুল খোলার আশু সম্ভাবনা রয়েছে। শিক্ষা সংশ্লিষ্ট সকল কার্যক্রম উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করা হচ্ছে। প্রাথমিক পর্যায়ে শিক্ষা সহায়তার লক্ষে উপজেলার বিভিন্ন স্কুলে উপজেলা পরিষদ হতে বেঞ্চ সরবরাহ করা হলে খুব ভালো হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে, উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়নের আওতায় প্রকল্প গ্রহনের সময় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী বিতরণ ও প্রযোজ্য ক্ষেত্রে কিছু প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করা হবে। এছাড়াও প্রাথমিক পর্যায়ে শিক্ষার সকল কার্যক্রম যথাযথভাবে নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০৩

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল।

8

(ঙ) মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা ঃ

সভায় সংশ্লিষ্ট বিষয়ের সদস্য সচিব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, কোভিড পরিস্থিতির জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকলেও অনলাইনে ক্লাস চলমান আছে। চলতি মাসে শিক্ষার্থীদের নিকট হতে এ্যসাইনমেন্ট গ্রহণ পদ্ধতি চালু রয়েছে। খুব স্বল্প সময়ের মধ্যে স্কুল খোলার সম্ভাবনা রয়েছে। নির্দেশনা পাওয়া মাত্র ব্যবস্থা গ্রহণ করা হবে। শোক দিবসে স্কুলগুলোতে স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে যথাযথ মর্যাদায় দিবসটি পালন করা হবে।

এছাড়াও তিনি জানান, সরকার অনলাইনে ডাটাবেজ তৈরীর নিমিত্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিক আইডি তৈরী কার্যক্রম হাতে নিয়েছে। ফলে প্রতিটি শিক্ষার্থীদের একটি পূর্ণাঙ্গ প্রোফাইল তৈরী হবে। যা ভবিষ্যতে অনেক কাজে আসবে। সেই ধারাবাহিকতায় মান্দা উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অনলাইনে ইউনিক আইডি খোলার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। একাজে শিক্ষার্থী ও অভিভাবকগণের অনলাইন হতে প্রাপ্ত জন্ম নিবন্ধন এর সার্টিফিকেট সংগ্রহ করতে হচ্ছে। অনলাইনে জন্ম নিবন্ধন কপি সরবরাহের ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্টদের সার্বিক সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা কার্যক্রম সুষ্টভাবে বাস্তবায়ন নিশ্চিত করনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

সরকারের যুগোপযোগী সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে সার্বিক সহযোগীতা নিশ্চিত করতে হবে। শিক্ষার্থী ও অভিভাবকগণকে অনলাইনে জন্ম নিবন্ধনের কপি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে সার্বিক সহযোগীতা প্রদান করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল।

চ) সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির আলোচনা ঃ

উপজেলা সমাজসেবা কর্মকর্তা পদায়ন না থাকায় অতিরিক্ত দায়িত্বে থাকা কর্মকর্তা জনাব মোঃ সুলতান আহম্মেদ জানান যে, এ বৃহৎ উপজেলায় সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নে কিছুটা সমস্যা পরিলক্ষিত হলেও বিভাগীয় কার্যক্রম চলমান আছে। অনলাইনের মাধ্যমে ভাতা বিতরনের ক্ষেত্রে কিছু তালিকাভুক্ত ব্যক্তিবর্গের নম্বরে এখন পর্যন্ত ভাতার টাকা আসে নাই। এরূপ সমস্যা সম্বলিত একটি তালিকা প্রস্তুত করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট যোগাযোগ পূর্বক পরবর্তী ব্যবস্থগ্রহনের মাধ্যমে ভাতা শতভাগ প্রদান সম্পন্ন করা হবে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুন্দর ও স্বচ্ছভাবে নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল।

(ছ) উপজেলা প্রকৌশল বিভাগের আলোচনা ঃ

০১. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত কয়েকদিন আগে চলতি ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রথম কিস্তিতে ২৮.২২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উন্নয়ন স্থিতি রয়েছে যথেষ্ট। এ অবস্থায় স্থানীয় সরকার মন্ত্রণালয় টেকসই উন্নয়ন নিশ্চিত করে কর্মপরিকল্পনা গ্রহণ পূর্বক উন্নয়ন প্রকল্প বাস্তবয়ন করা যাবে।

এছাড়াও তিনি জানান, ২০১৯-২০২০ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় মান্দা উপজেলা পরিষদে পর্যায়ক্রমে ৫০,০০,০০০/- টাকা বরাদ্দ মঞ্জুর হয়েছে। প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে প্রাথমিক ভাবে ১০ লক্ষ টাকার বিভিন্ন প্রশিক্ষণ এবং ৪০,০০,০০০/- টাকার অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণের নির্দেশনা পাওয়া গেছে। ইতোমধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। অবকাঠামো উন্নয়নে প্রকল্প গ্রহনের জন্য ৪০,০০,০০০/- টাকা এবং বিগত ২০২১-২২ অর্থ বছরের প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত জরিপে মান্দা উপজেলার অবস্থান ভালো হওয়ায় অতিরিক্ত ২০,০০,০০০/- লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে। (৪০,০০,০০০০+২০,০০,০০০) সর্বমোট ৬০,০০,০০০/- টাকা দ্বারা প্রকল্প গ্রহনের নিমিত্ত উপজেলা পরিষদের বিভিন্ন পর্যায় হতে প্রকল্প আহবান অন্তে ০৮-০৮-২০২১ তারিখের বাছাই কমিটির সিদ্ধান্তক্রমে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। যা এ সভায় চূড়ান্ত অনুমোদন নেয়া প্রয়োজন। প্রকল্পসমূহ নিম্নরূপ

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | বরাদ্দ (লক্ষ টাকায়) [illegible] | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম স্থাপন ও তেঁতুলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে চিকিৎসা সামগ্রী প্রদান | ১৩.০০ | eGP | |
| ২ | কুসুম্বা ইউনিয়নের দেলুয়াবাড়ী, কালিকাপুর ইউনিয়নের শাঁখারী হাটে, ফতেপুর কছিম উদ্দিন কলেজ ও মান্দা ফেরিঘাটে ওয়াশব্লক নির্মাণ | ২৯.০০ | eGP | (মান্দা ফেরিঘাটে ওয়াশব্লক নির্মানের পূর্বে সড়ক ও জনপথ বিভাগের অনুমোদন নিতে হবে) |
| ৩ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ | ১৮.০০ | eGP | |

ট্রেনিং প্রকল্প

| ক্রমিক | প্রশিক্ষণ/কর্মসূচিরশিরোনাম | উপ-প্রকল্প নম্বর | মোট টাকা (ভ্যাট ও আয়কর ব্যতিত) |
|---|---|---|---|
| ০১ | বেকার যুবকদের আত্ন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্লাম্বিং বিষয়ক প্রশিক্ষণ | CD5-২০২০-২০২১-৫০৬৪৪৭-০১ | ১৫০০০০/- |
| ০২ | করোনা মোকাবেলায় জনপ্রতিনিধি, ইমাম ও সুশীলসমাজের মানুষের করণীয় শীর্ষক প্রশিক্ষণ | CD5-২০২০-২০২১-৫০৬৪৪৭-০২ | ১৮৫০০০/- |
| ০৩ | শিক্ষিত বেকার যুবকদের আউট সোর্সিং বিষয়ে দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ | CD5-২০২০-২০২১-৫০৬৪৪৭-০৩ | ১৬৫০০০/- |
| ০৪ | নারীদের স্বাবলম্বী করার জন্য পুঁথি দিয়ে বিভিন্ন শো-পিস তৈরীর পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ | CD5-২০২০-২০২১-৫০৬৪৪৭-০৪ | ১৭০০০০/- |
| ০৫ | অনলাইনের মাধ্যমে উন্নত পাঠদান পদ্ধতি বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ | CD5-২০২০-২০২১-৫০৬৪৪৭-০৫ | ১৬৫০০০/- |
| ০৬ | বেকার যুবকদের আত্ন কর্মসংস্থানের লক্ষ্যে ড্রাইভিং প্রশিক্ষণ | CD5-২০২০-২০২১-৫০৬৪৪৭-০৬ | ১৬৫০০০/- |

চলমান পাতা-০৪

সিদ্ধান্ত ঃ- মান্দা উপজেলার সার্বিক উন্নয়নের দিক বিবেচনা করে বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ এবং পার্শ্বে বর্নিত সম্ভাব্য বরাদ্দ সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং প্রকল্পগুলো প্রাক্কলন প্রস্তুত অন্তে পিপিআর ২০০৮ যথাযথ অনুসরণের মাধ্যমে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল।

উপজেলা প্রকৌশলী আরও জানান, উপজেলা পরিষদের নিরাপত্তা নিশ্চিতকল্পে ঝুঁকিপূর্ণ পুরাতন ওয়াল ভেঙ্গে নতুনভাবে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মানের পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। সে আলোকে প্রয়োজনীয় ডকুমেন্ট তৈরী করে নির্বাহী প্রকৌশলী কর্তৃক কারিগরি মতামত গ্রহণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদনের নিমিত্ত প্রেরণ করা হয়। সে আলোকে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখা হতে ১৭ জুন ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৮৩.০১৩-৪৪০ নম্বর পত্রে মেইন গেইট এবং ২৩ জুন ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৮৩.০১৩-৪৫৫ নম্বর পত্রে বাউন্ডারী ওয়াল যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের চুড়ান্ত অনুমোদন প্রদান করেছেন। প্রাপ্ত পত্রের অনুমোদন পূর্বক প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত ইতোমধ্যে ইজিপিতে টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহবান করা হয়েছে। ঠিকাদার নিযুক্ত হলে প্রকল্পটি যথাযথবাবে বাস্তবায়ন করা হবে। স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রকল্পটি এসভায় ভূতাপেক্ষভাবে এসভায় চুড়ান্ত অনুমোদন নেয়া আবশ্যক। এছাড়া নতুন ওয়াল নির্মানের স্বার্থে বর্তমানে অবস্থিত ভগ্নপ্রায় বাউন্ডারী ওয়াল অপসারণের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

প্রকল্পের বিবরণ

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থের পরিমান |
|---|---|---|
| ০১ | বাউন্ডারী ওয়াল নির্মাণ (২৫০ মিঃ) (সামনে ) | ৪০,৯৪,৫৯৭/- |
| ০২ | উপজেলা পরিষদের এন্ট্রি/মেইন গেইট নির্মাণ | ২০,৫৯,৬৬১/- |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে সম্পদসমূহ, কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা ও বাসা-বাড়িতে বসবাসরত কর্মকর্তা-কর্মচারীসহ তাদের পরিবারবর্গের নিরাপত্তা নিশ্চিতকল্পে বর্তমান রেট সিডিউলে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল ও মেইন গেট নির্মাণ প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের অনুমোদন পাওয়ায় পরবর্তী প্রক্রিয়া সমাপ্তের মাধ্যমে যথাযথভাবে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকল।

উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বাসাবাড়িতে দীর্ঘদিন হতে মেরামতের অভাবে কিছুটা সমস্যা পরিলক্ষিত হচ্ছে। সেই বিবেচনায় উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে মেরামতের নিমিত্ত পরিদর্শন করা হয় এবং মেরামতযোগ্য ভবনসমূহের ত্রুটিপূর্ণকাজের একটি প্রাক্কলন তৈরী করা হয়। সে ধারাবাহিকতায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও সহকারী কমিশনার ভূমি এর বসবাসের জন্য নির্ধারিত বাসাটির কিছু জরুরী মেরামতের কাজ করা আবশ্যক।

সভায় উপজেলা ভাইস চেয়ারম্যান জানান, উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে বিভিন্ন দর্শনার্থীদের বসার জন্য কোন ব্যবস্থা না থাকায় একটি সেড নির্মাণ করার প্রয়োজনীয়তা রয়েছে। বিষয়টি ইতোপূর্বে উপজেলা চেয়ারম্যান এর মাধ্যমে উপজেলা প্রকৌশলীকে অবহিত করা হয়েছে।

সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ মৌসুমে ডেঙ্গু মশার প্রাদুর্ভাব বাড়ার সম্ভাবনা থাকে। সেজন্য উপজেলা ক্যাম্পাস ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ডেঙ্গু নিধন কল্পে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান করার জন্য আবশ্যক।

উল্লেখিত কাজগুলো উপজেলা প্রকৌশল দপ্তরের উপ-সহকারী প্রকৌশলী দ্বারা সরজমিনে পরিদর্শন অন্তে ভিন্ন ভিন্ন প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পসমূহ নিম্নরূপ ঃ

| ক্রমিক | প্রকল্পের নাম | অর্থের পরিমান | বাস্তবায়ন পদ্ধতি | সোর্স |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত | ৫,০০,০০০/- | আরএফকিউ | উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত উপখাত |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁ এর নামে বরাদ্দকৃত বাসা মেরামত | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০৩. | উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে দর্শনার্থীদের বসার সেড নির্মাণ | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০৪. | উপজেলা ক্যাম্পাস ও স্বাস্থ্য কমপ্লেক্সে পরিষ্কার পরিচ্ছন্নতা করণ | ৫০,০০০/- | পিআইসি | পরিষ্কার পরিচ্ছন্নতা উপখাত |

উপজেলা প্রকৌশলী আরও জানান যে, পিআইসি এর মাধ্যমে বাস্তবায়ন যোগ্য প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য এ সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপরে বর্নিত প্রকল্পদুটির অনুমোদন পূর্বক দ্রুত বাস্তবায়নের সর্বসম্মতক্রমে সিদ্ধান্তগৃহিত হয় এবং প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবাবায়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো।

| ক্রমিক | সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁ এর নামে বরাদ্দকৃত বাসা মেরামত | ২,০০,০০০/- |
|---|---|---|
| ১ | মোঃ তোফাজ্জল হোসেন তোফা, চেয়ারম্যান মান্দা ইউপি | প্রকল্প চেয়ারম্যান |
| ২ | মোঃ আফজাল হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | প্রকল্প সেক্রেটারী |
| ৩ | মোঃ এনামুল হক, গন্যমান্য | সদস্য |
| ৪ | মোঃ খোরশেদ আলম, ইমাম | সদস্য |
| ৫ | মোঃ আব্দুল কুদ্দুস, স্থানীয় গন্যমান্য | সদস্য |
| ৬ | এস. এম ফজলুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৭ | মোঃ রায়হানুল হক , উপ-সহকারী প্রকৌশলী | সদস্য |

| ক্রমিক | উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে দর্শনার্থীদের বসার সেড নির্মাণ | ২,০০,০০০/- |
|---|---|---|
| ১ | মোছাঃ মাহমুদা সিদ্দিকা উপজেলা ভাইস চেয়ারম্যান | প্রকল্প চেয়ারম্যান |
| ২ | গৌতম কুমার মহন্ত উপজেলা ভাইস চেয়ারম্যান | প্রকল্প সেক্রেটারী |
| ৩ | মোঃ আফজাল হক গন্যমান্য | সদস্য |
| ৪ | মোঃ খোরশেদ আলম , ইমাম | সদস্য |
| ৫ | মোঃ আমজাদ ইসলাম স্থানীয় গন্যমান্য | সদস্য |
| ৬ | মোঃ আকবর আলী গন্যমান্য | সদস্য |
| ৭ | মোঃ বদিউর রহমান সার্ভেয়ার, উপজেলা প্রকৌশল দপ্তর | সদস্য |

চলমান পাতা-০৫

| ক্রমিক | উপজেলা ক্যাম্পাস ও স্বাস্থ্য কমপ্লেক্সে পরিষ্কার পরিচ্ছন্না করণ | ৫০,০০০/- |
|---|---|---|
| ১ | মোঃ বেলাল হোসেন খান , চেয়ারম্যান, প্রসাদপুর ইউপি | প্রকল্প চেয়ারম্যান |
| ২ | ড. বিজয় কুমার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মান্দা, নওগাঁ। | প্রকল্প সেক্রেটারী |
| ৩ | মোছাঃ শায়লা শারমিন, উপজেলা কৃষি অফিসার, মান্দা, নওগাঁ। | সদস্য |
| ৪ | মোঃ খোরশেদ আলম, উপজেলা প্রেস ইমাম, মান্দা, নওগাঁ। | সদস্য |
| ৫ | আ.ফ. ম আহসানুল আরেফিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মান্দা, নওগাঁ | সদস্য |
| ৬ | এস, এম ফজলুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৭ | মোঃ এনায়েত হোসেন, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, মান্দা, নওগাঁ। | সদস্য |

আলোচ্য সূচি-০৩ ঃ সদ্য প্রাপ্ত সরকারী নির্দেশনা/বিধি আলোচনা ও পর্যালোচনা ঃ

সভায়, উপজেলা নির্বাহী অফিসার আরও জানান, 'বাংলাদেশের একজন মানুষও গৃহহীণ থাকবে না' মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণায় এর উপজেলা শাখা-০১ হতে গত ০৪ জানুয়ারী ২০২১ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ নম্বর স্মারকে মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীনদের গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় মান্দা উপজেলায় "খ" শ্রেণীর ভূমিহীনদের জন্য ঘর নির্মানের নির্দেশনা প্রদান করেছেন। এক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক ০৩ টি ঘর নির্মানের নিমিত্ত এ উপজেলার "খ" শ্রেনীর ভূমিহীনদের কাছ থেকে আবেদন প্রাপ্তির নোটিশ/বিজ্ঞপ্তি জারি করে প্রাপ্ত আবেদন গ্রহণ এবং নির্ধারিত কমিটি কর্তৃক যাচাই অন্তে যথাপোযুক্ত স্থান নির্ধারণ করে ঘর নির্মাণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে, বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে মুজিব শতবর্ষে গৃহ নির্মাণ কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। "খ" শ্রেনীর গৃহহীনদের নিকট হতে আবেদন প্রাপ্তির জন্য নোটিশ/বিজ্ঞপ্তি প্রদান এবং যথাপোযুক্ত স্থান নির্ধারণ করে পিপিআর অনুসরণ পূর্বক ঘর নির্মানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ সূত্রোক্ত পত্রে গঠিত সংশ্লিষ্ট কমিটি।

আলোচ্য সূচি-০৪ ঃ বিবিধ আলোচনা ঃ

উপজেলা পরিষদের অভ্যন্তরে বাসাবাড়ি রক্ষনাবেক্ষণ ও উপজেলা পরিষদ পার্ক নির্মাণ সংক্রান্ত বিষয়ে আলোচনা ঃ

উপজেলা প্রকৌশলী জানান, মান্দা উপজেলা পরিষদের অভ্যন্তরে সরকারি বাসভবনগুলো অনেক দিনের পুরাতন। দীর্ঘদিন হতে মেরামত না করায় অনেকাংশে বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে। কর্মকর্তা-কর্মচারীগনের বসবাসের স্বার্থে ভবনগুলো মেরামত করা আবশ্যক। স্থানীয় সরকার বিভাগ প্রতিবছর কিছু উপজেলায় বাসাবাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দ প্রদান করে থাকে। এক্ষেত্রে মেরামতযোগ্য ভবনসমূহের প্রাক্কলন প্রস্তুত অন্তে নির্বাহী প্রকৌশলীর কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক ৩০ সেপ্টেম্বর এর মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

ইতোমধ্যে মান্দা উপজেলা পরিষদের বাসাবাড়ি রক্ষণাবেক্ষনের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এসভায় অনুমোদনক্রমে প্রস্তুতকৃত প্রাক্কলন সমূহের অনুকূলে নির্বাহী প্রকৌশলী, নওগাঁ মহোদয়ের কারিগরি প্রতিবেদন প্রাপ্তির নিমিত্ত প্রেরণ করা যেতে পারে। কারিগরি প্রতিবেদন প্রাপ্তি স্বাপেক্ষে স্থানীয় সরকার বিভাগের নিকট বরাদ্দ প্রাপ্তির জন্য পত্র প্রেরণ করা হলে বরাদ্দ মুঞ্জুরের সম্ভাবনা রয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলেনের কপি পরিশিষ্ট "গ" তে উল্লেখ করা হলো।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে, সরকারি সম্পদ রক্ষণাবেক্ষনের স্বার্থে প্রস্তুতকৃত প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, নওগাঁ এর কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, মান্দা, নওগাঁ।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মান্দা উপজেলার বর্তমান প্রেক্ষাপটে জরুরী পদক্ষেপ গ্রহনের নিমিত্ত নিম্নোক্ত প্রস্তাবগুলো উপস্থাপন করেন।

- খাদ্যবান্ধব কর্মসূচী সফল বাস্তবায়নের পূর্বেই কিছু মরে যাওয়া ব্যক্তিবর্গের নাম সংশোধন বা প্রতিস্থাপন করতে হবে। এ বিষয়ে খাদ্য বিভাগের কর্মকর্তার বেধে দেয়া সময় আরও একটু বর্ধিত করার প্রয়োজন।
- ভালাইন ইউপির আয়াপুর হতে ভোলাবজার পর্যন্ত রাস্তা সংস্কার/ নির্মাণ।
- প্রসাদপুর বাজারের লাইটিং করণ প্রকল্পে কিছু বাল্ব নষ্ট হয়ে গেছে তা পুণঃ সংযোগের ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহের ব্যবস্থা গ্রহণ।
- জন্ম নিবন্ধনের ক্ষেত্রে দ্রুত সমস্যা সমূহ দ্রুত সমাধান করণ।
- মান্দা ইউনিয়নের ঘোড়াদহ বিলে মাছ চাষের জন্য ইজারা গ্রহণ ও মাছ চাষ বিষয়ে একটি জটিলতা নিরশন।
- কশব ইউনিয়নের যোগাযোগ রাস্তা মেরামত।
- তেঁতুলিয়া ইউনিয়নের সাবাই হাটের অভ্যন্তরের রাস্তা মেরামত।
- চলতি বছরের এডিপি প্রকল্প গ্রহণ ও অন্যান্য উন্নয়ন প্রকল্প দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক আলোচিত ও প্রস্তাবিত সমস্যাগুলো সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ সরজমিনে পরিদর্শন অন্তে দ্রুততম সময়ের মধ্যে তার দ্বারা বা তার উর্দ্ধতন কর্তৃপক্ষের সহযোগিতায় সমাধানের পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় ।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল।

উপজেলা নির্বাহী অফিসার, সভার সমাপ্তির পূর্ব মুহূর্তে বলেন, সকলের ঐকান্তিক সহযোগিতায় এই উপজেলা সার্বিক উন্নয়ন দ্রুত এগিয়ে যাচ্ছে। এ উপজেলার জনপ্রতিনিধিসহ সমাজের সকলের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতার মাধ্যমে কিছু জনবান্ধব সেবাধর্মী কার্যক্রম পরিচালিত হচ্ছে, আগামীতে এ ধারা অব্যাহত থাকবে। সকল বিভাগের মধ্যে আরও সমন্বয় বৃদ্ধি করে যুক্তিসঙ্গত স্বল্প সময়ে সরকারী সকল উন্নয়নমূলক কাজ যথাযথভাবে বাস্তবায়নসহ এসডিজি বাস্তবায়নে সকল জনপ্রতিনিধিদের অতিব দায়িত্বশীল ভূমিকা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান।

সভার সমাপ্তি লগ্নে সভাপতি বলেন যে, অত্যান্ত আনন্দঘন পরিবেশে দীর্ঘ সময় ধরে আলোচনা অনুষ্ঠিত হয়েছে। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

মোঃ এমদাদুল হক
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মান্দা, নওগাঁ
০১৭৯৩-১৭৬০৬০

উপজেলা পরিষদ কার্যালয়
মান্দা, নওগাঁ
http:// manda.naogaon.gov.bd

২৭, শ্রাবন ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ ঃ -------------------------।
১২ আগষ্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৬৪৪৭.০০.০০০.২১- ৪৮২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামাণিক, মাননীয় সংসদ সদস্য ৪৯ নওগাঁ ৪।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪. জেলা প্রশাসক, নওগাঁ।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা , নওগাঁ।
০৭. সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,উপ-শাখা-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সিনিয়র সহকারী সচিব, ........................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপজেলা........................ অফিসার, মান্দা, নওগাঁ।
১১. চেয়ারম্যান........................ ইউ,পি (সকল), মান্দা, নওগাঁ।
১২. ........................................
১৩. অফিস কপি।

মোঃ আবু বাকার সিদ্দিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মান্দা, নওগাঁ
মুঠোফোন-০১৭৩০-৪৬০০১৪
Email- unomanda@mopa.gov.bd

উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ-এর মাসিক সাধারণ সভায়

## উপস্থিতি সিট

তারিখ ঃ

| ক্রমিক নম্বর | উপস্থিত সদস্যগণের নাম ও পদবী | মোবাইল নম্বর | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ | ০১৭৩০-৪৬০০১৪ | |
| ০২ | জনাব মোছাঃ মাহবুবা সিদ্দিকা<br>ভাইস মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭৬১৫৭৩৯৩০ | [signature] |
| ০৩ | জনাব গৌতম কুমার মহন্ত<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭৬১৫৭৩৯৩০ | [signature] |
| ০৪ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান<br>চেয়ারম্যান, ভারশো ইউনিয়ন পরিষদ , মান্দা -নওগাঁ | ০১৭১৮৬৭৪৩০৬ | [signature] |
| ০৫ | জনাব মোঃ মোস্তফা মন্ডল<br>চেয়ারম্যান, ভালাইন ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭১২৮৫৩৩৯২ | [signature] |
| ০৬ | জনাব মোঃ মাহফুজুর রাহমান উজ্জল<br>চেয়ারম্যান, পরানপুর ইউনিয়ন পরিষদ, মান্দা -নওগাঁ | ০১৭৬৭৪০১৮০৮ | [signature] |
| ০৭ | জনাব মোঃ তোফাজ্জল হোসেন<br>চেয়ারম্যান, মান্দা ইউনিয়ন পরিষদ, মান্দা -নওগাঁ | ০১৭১৯১৩২৭৮৮ | |
| ০৮ | জনাব মোঃ শফিকুর রহমান চৌধুরী (বাবুল)<br>চেয়ারম্যান,গনেশপুর ইউনিয়ন পরিষদ, মান্দা , নওগাঁ | ০১৭১৩৭৬০২০৭ | [signature] |
| ০৯ | জনাব মোঃ আনিসুর রহমান<br>চেয়ারম্যান, মৈনম ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭৪৭২০১১৪০ | [signature] |
| ১০ | জনাব মোঃ আব্দুল মতিন<br>চেয়ারম্যান, প্রসাদপুর ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭২৫৯৯৬০৫৫ | [signature] |
| ১১ | জনাব মোঃ নওফেল আলী মন্ডল<br>চেয়ারম্যান, কুসুম্বা ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭১১৪৭৯০৪৬ | [signature] |
| ১২ | জনাব এস এম মখলেসুর রহমান<br>চেয়ারম্যান, তেতুঁলিয়া ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭১৫৪০৪২৯০ | [signature] |
| ১৩ | জনাব মোঃ ইয়াচিন আলী<br>চেয়ারম্যান, নুরুল্যাবাদ ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭২৪৪৯৮৫১২ | |
| ১৪ | জনাব মোঃ আশরাফুল ইসলাম (বাবু)<br>চেয়ারম্যান,কালিকাপুর ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭১৩৭৬১৭২২ | |
| ১৫ | জনাব মোঃ আঃ সালাম<br>চেয়ারম্যান, কাঁশোপাড়া ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭১১৩০৬৩১২ | [signature] |
| ১৬ | জনাব মোঃ ফজলুর রহমান<br>চেয়ারম্যান, কসব ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭৩৭২৪১৯৯৯ | [signature] |
| ১৭ | জনাব মোঃ গোলাম আজম<br>চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭৩১৩৩৮৫৫৯ | [signature] |

| ক্রমিক নম্বর | উপস্থিত সদস্যগণের নাম ও পদবী | মোবাইল নম্বর | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৮ | জনাব ডা. বিজয় কুমার রায়<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০১৭৯৮১৮৩২৮৩ | |
| ১৯ | জনাব মোঃ আব্দুল মান্নান আকন্দ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭১৭১৯৬৫৫০ | |
| ২০ | জনাব ডা. বেনজির আহমেদ<br>উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭১৭৪৩২৩১১ | |
| ২১ | জনাব মোছাঃ শায়লা শারমিন<br>উপজেলা কৃষি কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭২৪০০৭৯৯১ | |
| ২২ | মোঃ শাইদুর রহমান মিঞা<br>উপজেলা প্রকৌশলী<br>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, মান্দা, নওগাঁ | ০১৭০৮১৬১৫৭৭ | |
| ২৩ | জনাব আ. ফ. ম আছফানুল আরেফিন<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭২৬৫৬০১৬১ | |
| ২৪ | জনাব মোঃ আবুল বাসার শামসুজ্জামান<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭১১৪৫১৫৬২ | |
| ২৫ | জনাব শাহ্ আলম শেখ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭১২১৪০৪০০ | |
| ২৬ | জনাব মোঃ ~~সাকিল~~ শাকিল আহমেদ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭৪৩৭০০২৭৪ | |
| ২৭ | জনাব মোঃ রেজাউল করিম<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭১৫১৫৫৯৪০ | |
| ২৮ | জনাব নিলুফার ইয়াসমিন<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭৫১৬৮১৬৬৭ | |
| ২৯ | জনাব মোঃ আফজাল হোসেন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭২৫১৪১০১৮ | |
| ৩০ | জনাব মুহাঃ আকতার হোসেন<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মান্দা, নওগাঁ | | |
| ৩১ | জনাব মোঃ এনায়েত হোসেন<br>উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মান্দা, নওগাঁ | ০১৭২২৯৭২৫৩৫ | |
| ৩২ | জনাব মোঃ সাইদুর রহমান<br>উপজেলা বন কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৩০০১৪৯২৫৬ | |
| ৩৩ | জনাব পরিতোষ কুমার মন্ডল<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদ, মান্দা, নওগাঁ | ০১৭১৭৭২৫৭৭১ | |

| ক্রমিক নম্বর | উপস্থিত সদস্যগণের নাম ও পদবী | মোবাইল নম্বর | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| ৩৪ | জনাব মোঃ কায়সার হাবীব<br>ইন্সট্রাক্টর , মান্দা রিসোর্স সেন্টার | ০১৭১২০৪১৪৪০ | |
| ৩৫ | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>সহকারী প্রকৌশলী (বিএমডিএ), মান্দা, নওগাঁ | ০১৭১২৫৮৭৩৩৫ | |
| ৩৬ | জনাব মোঃ আসাদুজ্জামান<br>ডিজিএম পল্লী বিদ্যুৎ, মান্দা, নওগাঁ | ০১৭৬৯৪০২১৭০ | |
| ৩৭ | জনাব মোঃ মামুন আর রশিদ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মান্দা, নওগাঁ | ০১৭৩৬৪৯৮০৯৯ | |
| ৩৮ | জনাব মোছাঃ হাফজা খাতুন<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মান্দা, নওগাঁ | ০১৭২১০৩২১৩৯ | |
| ৩৯ | জনাব মোসাঃ সোহেলী ইয়াসমিন<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | ০১৯৩৮৮৭৯১১২ | |
| ৪০ | মোঃ আল ইমরান<br>ইউডিএফ, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁ | ০১৭১২৫৭৯৩৬৬ | |
| ৪১ | | | |
| ৪২ | | | |
| ৪৩ | | | |
| ৪৪ | | | |
| ৪৫ | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |